LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বৃহস্পতিবার ৫ই **অক্টোবর ২০১৭ ইং**

জমির প্রতি আসক্তিই ব্যাংকের ঝুঁকি বাড়াচ্ছে

ঋণের জামানত হিসেবে মেশিনারি, ফিক্সড অ্যাসেট ও ফিন্যান্সিয়াল অবলিগেশন্সের মতো আধুনিক ধারণার চর্চা করছে বিদেশী ব্যাংকগুলো। এতে খেলাপি ঋণের নিম্নহার ধরে রেখে ভালো ব্যবসা করছে তারা। যদিও দেশী ব্যাংকগুলো ঋণের জামানত হিসেবে এখনো জমি-বাড়িতেই আটকে আছে। এর সুযোগ নিয়ে সরকারি খাসজমি অথবা মালিকানা নিয়ে বিরোধপূর্ণ জমি জামানত রেখে ঋণ নিচ্ছেন অনেকে। একই জমি একাধিক ঋণের বিপরীতে জামানত রাখার ঘটনাও ঘটছে, যা ব্যাংকের ঝুঁকি বাড়িয়ে দিচ্ছে। এসব জামানতের বিপরীতে বিতরণ করা ঋণ খেলাপি হয়ে গেলে তা আদায়ে ব্যর্থ হচ্ছে ব্যাংকগুলো। জমির দামের পতন ও অতি মূল্যায়নও এতে ভূমিকা রাখছে।ঋণের জামানত হিসেবে ব্যাংকগুলোর জমির প্রতি আসক্তির বিষয়টি উঠে এসেছে বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) গবেষণায়ও। তাতে দেখা গেছে, ২০১৬ সাল শেষে দেশের ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে মোট জামানতের প্রায় ৬০ শতাংশই ছিল জমি। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর ক্ষেত্রে এ হার ৫০ শতাংশের বেশি হলেও বেসরকারি ব্যাংকে ৬০ শতাংশের উপরে। যদিও বিদেশী ব্যাংকগুলোর ক্ষেত্রে এ হার ছিল মাত্র ২২ শতাংশ।http://bonikbarta.net

স্বল্পমেয়াদে অতিরিক্ত লেনদেন রিটার্ন কমায়

পুঁজিবাজারে স্বল্পমেয়াদে অতিরিক্ত শেয়ার লেনদেন বিনিয়োগকারীর রিটার্ন কমায়। গবেষণায় প্রমাণিত অল্প সময়ে বেশি মুনাফার চেষ্টা লোকসানের ঝুঁকি বাড়ায়। তাই ঝুঁকি কমিয়ে পুঁজিবাজারে সর্বোচ্চ মুনাফা অর্জনের জন্য বিনিয়োগকারীদের বেশি বেশি কেনাবেচা থেকে বিরত থাকতে হবে। গতকাল রাজধানীর শিল্পকলা একাডেমি মিলনায়তনে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭' উপলক্ষে আয়োজিত 'বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগকারীর সুরক্ষা' শীর্ষক এক সেমিনারে বিশেষজ্ঞরা এ পরামর্শ দিয়েছেন।সেমিনারের প্রথম সেশনে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক-বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন।সেমিনারে 'বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগকারীর সুরক্ষা' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এরশাদ হোসাইন। তিনি বলেন, একজন ফাটকাবাজারি ও প্রকৃত বিনিয়োগকারীর মধ্যে দৃষ্টিভঙ্গিগত পার্থক্য রয়েছে।http://bonikbarta.net

আরো ১০ লাখ শেয়ার বেচবে সিঙ্গারের মূল উদ্যোক্তা

বাজারদরে (পাবলিক অথবা ব্লক মার্কেটে) সিঙ্গার বাংলাদেশ লিমিটেডের ১০ লাখ শেয়ার বেচে দেয়ার ঘোষণা দিয়েছে কোম্পানিটির বিদেশী করপোরেট উদ্যোক্তা রিটেইল হোল্ডিংস বিহোল্ড বি.ভি.। বর্তমানে ডাচ উদ্যোক্তা প্রতিষ্ঠানটির হাতে সিঙ্গার বাংলাদেশের ২ কোটি ৯৩ লাখ ৭৩ হাজার ৯৪১টি শেয়ার রয়েছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা গেছে, ৩১ অক্টোবরের মধ্যে শেয়ার বিক্রির প্রক্রিয়া সম্পন্ন হবে। এ বছর তারা কোম্পানিটির আরো ৯০ লাখ ৫০ হাজার এবং গত বছর ২০ লাখ ৪৮ হাজার ১১০টি শেয়ার বিক্রি করেছে।http://bonikbarta.net

চট্টগ্রাম বন্দরে পণ্য ছাড়করণে প্রবৃদ্ধি ২৩ শতাংশ

চলতি অর্থবছরের (২০১৭-১৮) জুলাই ও আগস্টে চট্টগ্রাম বন্দরে পণ্য ছাড়করণ বেড়েছে। এ দুই মাসে বন্দরে ৯৯ লাখ ৮২ হাজার টন পণ্য ছাড়করণ হয়েছে। গত অর্থবছরের (২০১৬-১৭) একই সময়ে খালাসের পরিমাণ ছিল ৮১ লাখ ৪৫ হাজার টন। অর্থাত্ বছরওয়ারি হিসাবে চলতি অর্থবছরের প্রথম দুই মাসে ১৮ লাখ ৩৭ হাজার টন বা ২৩ শতাংশ বেশি পণ্য ছাড়করণ হয়েছে।২০১৬-১৭ অর্থবছরের জুলাই ও আগস্টে চট্টগ্রাম বন্দর দিয়ে কোনো চাল আমদানি বা খালাস হয়নি। তবে চলতি অর্থবছরের প্রথম দুই মাসে চাল খালাস হয়েছে ২ লাখ ৫২ হাজার টন। এছাড়া গত অর্থবছর আলোচ্য সময়ে চালের গুঁড়ো মাত্র ৪৫ টন আমদানি হলেও এবার তা বেড়ে দাঁড়িয়েছে ৭২ হাজার টন। দেশে চাহিদা বাড়ায় এক বছর ব্যবধানে পণ্যটির আমদানি সাত হাজার গুণের বেশি বেড়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। একইভাবে গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরের প্রথম দুই মাসে দ্বিগুণের বেশি আমদানি বেড়েছে আপেল, মোটরসাইকেল, ক্রাশড স্টোন (ভাঙা পাথর), অপরিশোধিত তেল, সুপারি, মাছ, নারকেল, সূর্যমুখী বীজসহ শতাধিক পণ্যের। এছাড়া দেশে গমসহ বিভিন্ন খাদ্যপণ্য ছাড়াও নির্মাণ ও জ্বালানিসামগ্রীর চাহিদা বেড়ে যাওয়ায় আমদানিতে এর প্রভাব পড়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।http://bonikbarta.net

এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ৫০ কোটি ডলার অর্থায়ন এডিবির

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কয়েকটি দেশের বেসরকারি অবকাঠামো প্রকল্পে ৫০ কোটি ডলার অর্থায়ন করতে যাচ্ছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)। ভারত ও পাকিস্তানসহ এসব দেশের অবকাঠামো প্রকল্পের জন্য সক্রিয়ভাবে ঋণ ও ইকুইটি তহবিল প্রক্রিয়াকরণের কাজ চলছে বলে ব্যাংকটি জানিয়েছে। খবর ইকোনমিক টাইমস।এক বিবৃতিতে এডিবি আরো জানায়, সহ-অর্থায়ন সহযোগী লিডিং এশিয়াস প্রাইভেট ইনফ্রাস্ট্রাকচার ফান্ডের (এলইএপি) কার্যক্রম পরিচালনার প্রথম বছরে, ঋণ অর্থায়ন হিসেবে তহবিলটির প্রায় ২১ কোটি ডলারের দুটি প্রকল্প অনুমোদন করেছে এডিবি। এসব প্রাথমিক প্রকল্পের মোট অর্থসংস্থানের পরিমাণ প্রায় ১৪০ কোটি ডলারে দাঁড়াবে বলে আশা করছে এডিবি। যার মধ্যে ২৬ কোটি ৪৫ লাখ ডলার এডিবির নিজস্ব মূলধন ও অতিরিক্ত ৮৯ কোটি ডলার সহ-অর্থায়ন অংশীদারদের কাছ থেকে পাওয়ার আশা করা হচ্ছে।http://bonikbarta.net

বাজার নিয়ন্ত্রণে চুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন জরুরি: ওপেক প্রধান

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দামে সম্প্রতি ঊর্ধ্বগতি কমে এসেছে। চলতি বছরের সর্বোচ্চ অবস্থান থেকে সরে এসেছে পণ্যটির দাম। ফলে বর্তমান বাজার পরিস্থিতিতে খাতসংশ্লিষ্টরা আশার আলো দেখে নতুন করে হতাশ হয়েছেন। এমন পরিস্থিতিতে পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজভুক্ত (ওপেক) ও বহির্ভূত দেশগুলোর উত্তোলন হ্রাসসংক্রান্ত বৈশ্বিক চুক্তির কার্যকর ও পূর্ণাঙ্গ বাস্তবায়নের বিকল্প নেই বলে মনে করছেন ওপেকের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ বারকিন্দো। তার মতে, দ্রুত এ চুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন জরুরি। তবেই আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের চাহিদা ও সরবরাহে ভারসাম্য ফিরবে। কাঙ্ক্ষিত মাত্রায় পণ্যটির দাম বাড়বে। খবর রয়টার্স ও অয়েল প্রাইস ডটকম।http://bonikbarta.net

ভালো কোম্পানির অভাবে পুঁজিবাজারে অনেকে বিনিয়োগ করেন না

পুঁজিবাজারে বিনিয়োগ করার মতো ভালো কোম্পানির শেয়ার নেই বলে মনে করেন প্রধানমন্ত্রীর অর্থ বিষয়ক উপদেষ্টা ড. মশিউর রহমান। তিনি বলেন, আমাদের পুঁজিবাজারে ভালো কোম্পানির সংখ্যা কম। আর ভালো কোম্পানি যে কয়েকটি রয়েছে তাদেরও শেয়ার বেশি নয়। তাই বিনিয়োগ করার মতো ভালো স্ক্রিপ্ট পাওয়া কঠিন। এ কারণে অবসরপ্রাপ্ত লোকজন সঞ্চয় ও ফিক্সড ইনকামে বিনিয়োগ করেন। এই অবস্থায় তার পরামর্শ, সাধারণ বিনিয়োগকারীদের পুঁজিবাজারে টানতে হলে ভালো কোম্পানিগুলোকে বাজারে নিয়ে আসতে হবে। বিশ্ব বিনিয়োগ সপ্তাহ ২০১৭ উপলক্ষ্যে গতকাল বুধবার আয়োজিত মেলার উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ড. মশিউর রহমান এসব কথা বলেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে এ মেলার আয়োজন করেছে।http://www.ittefaq.com.bd